

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপত্র

[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/০৮

তারিখ:

০৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ


২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

৯০১ তম কমিশন সভা অদ্য ২২/০২/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

১। কমিশন অদ্যকার সভায়, Paramount Textile PLC এর ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকা অভিহিত মূল্যের Non-convertible, Transferable, Fully Redeemable, Unsecured Zero-Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Range of Discount Rate ৯.০০% থেকে ১২.০০%। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০০,০০০/- টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Paramount Textile PLC আর্থিক খরচ ন্যূনতমকরণ এবং ব্যবসায় সম্প্রসারণে ব্যবহার করবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে Sena Kalyan Insurance Company Limited এবং Arranger হিসাবে কাজ করছে NDB Capital limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

২। কমিশন অদ্যকার সভায়, RANCON Motor Bikes Limited এর ১,৫০০ (পনেরশো) মিলিয়ন টাকা মূল্যের Unsecured, Non-convertible, Fully Redeemable Zero-Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার অভিহিত মূল্য ২০৮১.৭০ মিলিয়ন টাকা এবং ডিসকাউন্ট রেট ১২%-১১%। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০০,০০০/- (এক লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে RANCON Motor Bikes Limited এর বিদ্যমান ব্যাংক ঋণের কিছু অংশ পুনঃঅর্থায়ন করার পরিকল্পনা করছে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে Community Bank Investment Limited এবং Arranger হিসাবে কাজ করেছে City Bank Capital Resources Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।



মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র